

হেথা কি হে তবু রহিছ নীরবে ?
 না হ'লে প্রকৃতি-সুখমা
 কেন এত করে, হৃদি-মন হরে
 নাহি মিলে যার উপমা ।

যুট মন মম বৃথা চারিধারে
 বেড়ায় তোমায় হেরিতে ;
 (আমার) ভ্রম কর শেষ, যেন পরমেশ
 হেরি তোমা বিশ্ব-ছবিতে ।

শ্রীঅমল্যরতন ঘোষ,
 দ্বিতীয় বার্ষিক শ্রেণী, 'সি' শাখা ।

ভিখারিণী ।

হুটী ছেলে সাথে করি' ফিরিতেছে পথে
 অবশ হয়েছে তনু পারে না চলিতে ।
 ছিন্ন বেশ, জীর্ণ দেহ, মলিন বদন
 রুক্ষ কেশ আলুথালু, নিপ্রভ নয়ন ।
 হুটী অন্ন চাহে গিয়ে ধনীর দুয়ারে
 বাবু বলে ঠারবানে, "দাও দূর করে" ।
 ঠারী এসে রুচুস্বরে বলিল তাহারে—
 "ভিক্ষা নাহি পাবে হেথা যাও অত্র ঘরে" ।
 সজলনয়নে চাহি ঠারি-মুখ পানে
 চলে' গেল ভিখারিণী ব্যথিত-পরানে ।
 পথে যেতে ছেলে হুটী বলে মা'কে ডেকে—
 'আর যে পারি না যেতে নে মা তুলে বুকে' ।
 শেষবার বাছাদের তুলে নিল বুকে,
 মেলিল না আঁধি ; তা'রা ঘুমাইল সুখে ।

শ্রীস্বর্য়ানারায়ণ পাল,
 দ্বিতীয় বার্ষিক শ্রেণী, 'সি' শাখা ।

M/ol